তারিখ 11 NOV 1991
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬

দৈনিক সংবাদ

68

# জাল সার্টিফিকেট ও মার্কশীট উদ্ধার

(নিজস্ব বার্তা পরিবেশক)

সিআইডি পুলিশ গতকাল রোববার সকালে লালবাগ থানাধীন খাজা দেওয়ান দ্বিতীয় লেনের একটি বাড়ি থেকে পরিত্যক্ত অবস্থায় বিপুল পরিমাণ ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা বোর্ড, রাজশাহী বোর্ড এবং কুমিল্লা বোর্ডের জাল সার্টিফিকেট ও মার্কশীট এবং ঢাকা শহর ও আশপাশ এলাকার স্কুল-কলেজের প্রশংসাপত্র উদ্ধার করেছে। এখনো কেউ গ্রেফতার হয়নি।

পুলিশ জানিয়েছে যে, একটি সংঘবদ্ধ দল দীর্ঘদিন যাবৎ এসব জাল সার্টিফিকেট ও মার্কশীট তরুণদের কাছে বিক্রি করে আসছে। এ ব্যাপারে লালবাগ থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।